মেহেরপুরে আজ থেকে শুরু হলো করোনা এন্টিজেন টেষ্ট

মেহেরপুরে করোনা রোগী শনাক্তের জন্য আজ থেকে শুরু হয়েছে র্যাপিড এন্টিজেন টেষ্ট। শনিবার সকাল ১০ টায় মেহেরপুরসহ বাংলাদেশের ১০ জেলায় করোনা এন্টিজেন টেষ্টের উদ্বোধন করেন স্বাস্থ্য মন্ত্রী জাহিদ মালিক। এরই ধারাবাহিকতায় মেহেরপুর জেনারেল হাসপাতালেও আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে করোনা এন্টিজেন টেষ্ট। এই র্যাপিড এন্টিজেন কিট দিয়ে ৩০ মিনিটে করোনার ফলাফল পাওয়া যাবে বলে জানান হাসপাতালের তত্বাবধায়ক ডা. রফিকুল আলম। তিনি আরও বলেন, আমরা প্রাথমিক পর্যায়ে ৫’শ টি কিট হাতে পেয়েছি। করোনা উপসর্গ নিয়ে যেসব রোগীরা হাসপাতালে আসবেন তাদের এই কিটের মাধ্যমে করোনা ভাইরাস পরীক্ষা করা হবে। তিনি আরও বলেন, যেহেতু খুব অল্প সময়ের মধ্যেই করোনা রেজাল্ট পাওয়া যাচ্ছে সেজন্য পজিটিভ রোগীরা দ্রুত চিকিৎসার আওতায় আসবে।
প্রথম দিনে ৩ জনকে এই এন্টিজেন কিটের মাধ্যমে পরীক্ষা করা হয়েছে। সবাই নেগেটিভ। এসময় উপস্থিত ছিলেন জেলা সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন।

কার্পাসডাঙ্গায় ভূমিহীনদের ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ড.মো: আনোয়ার হোসেন হাওলাদার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা আবাসনের পাশে ভূমিহীনদের জন্য ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেছেন খুলনা বিভাগীয় কমিশনার ড.মু.আনোয়ার হোসেন হাওলাদার, শনিবার ৫ ডিসেম্বর সকাল ১১ টার সময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী। জাতির

জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার এ মহতী উদ্যোগ মুজিবশতবর্ষ উপলক্ষে ভূমিহীনদের জন্য ঘর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার এর সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, খুলনা বিভাগীয় কমিশনার ড.মু.আনোয়ার হোসেন হাওলাদার তিনি বলেন, বাংলাদেশের কোনো গরীব অসহায় মানুষ কে আর খোলা আকাশের নিচে থাকতে হবে না, কারণ বর্তমান সরকার দেশের প্রতিটি জেলা – উপজেলাসমূহ এ মহান উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলায় গৃহহীন,ভূমিহীন মানুষদের পুনবার্সনের লক্ষ্যে খাস জমিতে ঘর নির্মাণ করে দেওয়ার কাজ শুরু করেছে।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরক্ত জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও আইসিটি) মনিরা পারভীন,দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, নির্বাহী অফিসার দিলারা রহমান, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি মোঃ মহিউদ্দিন,কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু,প্রমুখ।

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের ৪৮তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের ৪৮তম বার্ষিক সাধারণ সভা ২০২০ আয়োজন করা হয়।
শনিবার সকাল ৯:৩০ মিনিট এর সময় মেহেরপুর জেলা পরিষদের ভিতরে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির মাননীয় চেয়ারম্যান জনাব আলহাজ্ব গোলাম রসূল, রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিট এর ভাইস চেয়ারম্যান

এ্যাড.ইয়ারুল ইসলাম, সেক্রেটারি খন্দকার একরামুল হক নির্বাহী সদস্য আশকার আলী, অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন, এবং রেড ক্রিসেন্ট সোসাইটি মেহেরপুর ইউনিটের সকল সদস্যরা উপস্থিত ছিলেন এবং মেহেরপুর ইউনিটের সম্মানিত চেয়ারম্যান এ কে এম আতাউল হাকিম সহ বিভিন্ন সদস্য গণ মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে ১মিনিট নীরবতা পালন করা হয়।

গাংনীর বামুন্দীর ঐতিহ্যবাহী পশু হাট বাচাঁতে বিক্ষোভ ও মানববন্ধন

মেহেরপুরের গাংনী উপজেলা প্রায় ২০০ বছরের ঐতিহ্যবাহী পুরাতন বামুন্দি পশু হাটের পরিবর্তে হাইকোর্টের আদেশ অমান্য করে নির্মিত খলিশাকুন্ডি কাতলামারী পশু হাট বন্ধের দাবীতে বিক্ষোভ ও মানববন্ধন করেছে এলাকাবাসী। শনিবার সকালে বামুন্দি বাজারে এলাকাবাসী মানববন্ধন ও বিক্ষোভ মিছিলের আয়োজন করে।

এসময় বক্তব্য রাখেন বামুন্দি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস,বাজার কমিটির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা নুরুল হুদা, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু সহ স্থানীয় ব্যাক্তিবর্গ। ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাসের নেতৃত্বে শনিবার সকালে একটি বিক্ষোভ র্যালী বামুন্দি বাজার থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে বামুন্দি বাজার বাসস্ট্যান্ডে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

এসময় বক্তারা বলেন, প্রায় ৩ কোটি টাকা সরকারি রাজ্স্ব দিয়ে বামুন্দি পশু হাট ক্রয় করে স্থানীয় ঠিকাদার নাসিরুদ্দিন। এর আগে সরকারি রাজস্ব ফাঁকি দিয়ে মাত্র ৪০ থেকে ৫০ লাখ টাকায় পশু হাট সিন্ডিকেটের মাধ্যমে ইজারা গ্রহন করতেন কুষ্টিয়া মিরপুরের প্রভাবশালী কামাল হোসেন। এবছর কামাল হোসেন ইজারা না পেয়ে বামুন্দি পশু হাটের পাশে কাতলামারী নামক স্থানে আরো একটি পশু

হাটের সৃস্টি করে কামাল হোসেন ও তার লোকজন। এ নিয়ে কামাল হোসেনের হাট অবৈধ বলে ঘোষনা করে হাইকোর্ট। বামুন্দি পশু হাটের বিপরীতে আরো একটি হাট সৃস্টি করায় ২০০ বছরের ঐতিহ্যবাহী বামুন্দি পশু হাট আজ ধংশের দারপ্রান্তে। স্থানীয়রা অবৈধ কাতলামারী পশুহাট বন্ধ করে বামুন্দি পশু হাট রক্ষার দাবী জানান।

রোহিঙ্গাদের জন্য দেশের ব্যাপক ক্ষতি হচ্ছে: ওবায়দুল কাদের

রোহিঙ্গা ইস্যুতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মানবিক কারণে প্রায় ১১ লাখের অধিক রোহিঙ্গাকে আশ্রয় দেয়া হয়েছে, যেখানে প্রায় ৫ লাখ দেশের নাগরিকের বসবাস।

রোহিঙ্গাদের ভাসানচরে স্থানান্তরের বিষয়ে আন্তর্জাতিক সম্প্রদায়ের কেউ কেউ সমালোচনা করে যাচ্ছেন জানিয়ে তিনি বলেন, এসব রোহিঙ্গার জন্য দেশের অর্থনৈতিক, সামাজিক, পর্যটন ও পরিবেশের ব্যাপক ক্ষতি হচ্ছে। তাই সরকার তাদেরকে ভাসানচরে স্থানান্তরের প্রক্রিয়া শুরু করছে। এ ব্যাপারে আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষ থেকে প্রশংসা ও লিপ সার্ভিস ছাড়া কোনো ধরনের সহযোগিতা কী পেয়েছি?

শুক্রবার সকালে আওয়ামী লীগ সভাপতির ধানমণ্ডির রাজনৈতিক কার্যালয়ে ত্রাণ ও সমাজকল্যাণ উপকমিটি আয়োজিত সহযোগী সংগঠনের নেতাকর্মীদের মাঝে মাস্ক বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

রাজধানীর সংসদ ভবন এলাকায় সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠানে সংযুক্ত হন ওবায়দুল কাদের।

সেতুমন্ত্রী বলেন, ২০২১ সালের প্রথম মাসেই করোনার ভ্যাকসিন

পাওয়ার সম্ভাবনা খুব বেশি। তবে এ নিয়ে আত্মতুষ্টির কোনো সুযোগ নেই, ভ্যাকসিন আসার আগ পর্যন্ত সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং বাধ্যতামূলক মাস্ক পরতে হবে।

এ সময় ধানমণ্ডিতে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য বেগম মতিয়া চৌধুরী, ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক সুজিত রায় নন্দী, স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা এবং উপদফতর সম্পাদক সায়েম খানসহ আওয়ামী লীগের সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের দপ্তর সম্পাদকের মৃত্যু

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের দপ্তর সম্পাদক সোহেল রানা (১৮) নিহত হয়েছেন। একই সাথে এনামুল নামের আরও এক ছাত্রলীগ কর্মী আহত হন। শনিবার সকালে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। সোহলে রানা পিরোজপুর গ্রামের রাজা মিয়ার ছেলে।

পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সাকিবুর রহমান প্রতিক জানান, গত শুক্রবার রাতে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে মেহেরপুরের মহাজনপুর-গোপালপুর সড়কের একটি প্রাচির সাথে ধাক্কা মারে। এসময় সোহেল রানা ও আরেক ছাত্রলীগ কর্মী পিরোজপুর গ্রামের আসান আলীর ছেলে এনামুল গুরুতর জখম হয়। তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়। পরে কর্তব্যরত চিকিৎসক সোহেল রানার উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় শনিবার সকালে তার মৃত্যু হয়।

মেহেরপুরে জমে উঠেছে গরিবের সুপার মার্কেট

মেহেরপুরে শুরু হয়েছে শীতের তীব্রতা। শীত শুরু হওয়ার সাথে সাথে শীতের পোশাক কেনারও ধুম পড়েছে পোশাক বাজারে। উচ্চবিত্তরা বড় বড় মার্কেটে ছুটলেও মধ্যবিত্ত ও নিম্নবিত্তরা ছুটছে পুরাতন পোশাকের দোকান গুলোতে।

গরীবের সুপার মার্কেট ক্ষ্যাত পৌর গরুর হাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকান গুলো ইতোমধ্যে বেশ জমে উঠেছে। সপ্তাহে দুইদিন (শ্রক্রবার ও মঙ্গলবার) রাস্তার দুইপাশে প্রায় ৩৫টি দোকানে বিক্রি হচ্ছে পুরাতন সব পোশাক। দিনের শুরুতে এইসব দোকান গুলো খোলা হলেও বেচাকেনা শেষে সন্ধ্যার পর পরই এগুলো আবার বাড়ি নিয়ে যায় বিক্রেতারা। এ সকল দোকান গুলোতে নিন্ম আয়ের মানুষ থেকে শুরু করে মধ্যবিত্তরা ভিড় জমাচ্ছে।

শুক্রবার বিকালে সরজমিনে গিয়ে দেখা যায় দেশী বিদেশী পুরোনো বাহারি সব পোশাকে সাজানো এইসব দোকান গুলো। একদাম-একদর, দেখে নিন-বেছেনিন, আগে আসলে আগে পাবেন এই ধরনের হরেক রকম স্লোগানে ক্রেতাদের আকৃষ্টি করার চেষ্টা করছে বিক্রেতারা।
৪০-৫০টাকা থেকে শুরু করে ৫০০-৬০০ টাকা পর্যন্ত বিক্রি করছে পোশাক গুলো। সয়েটার, জ্যাকেট, কোর্ট, ব্লেজার, গেঞ্জিসহ বিভিন্ন পোশাকের দিকে ঝুকছে মানুষ। তবে বেশি বিক্রি হচ্ছে জাম্মপার ও জ্যাকেট।

চকশ্যাম নগর থেকে আসা হাসিব শুক্রবার গরুরহাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকানে এসেছে পোশাক কিনতে। কথা হলো তার সাথে। কয়টা পোশাক কিনলেন জানতে চাইলে, বেশ স¦◌াচ্ছন্দ্যেই উত্তর দিলেন, তিনটা কিনেছি। আগামী সপ্তাই আবার আসবো। বেশ ভালো ভালো পোশাক পাওয়া যাচ্ছে কম দামে। যেগুলো দোকান থেকে কিনলে তার দাম ডাবল হতো।

গাংনী উপজেলার রাশেদুল ইসলাম হিরক দোকান দিয়েছেন গরুর হাট এলাকায়, তিনি বলেন প্রতি বছর শীতের মৌসুমে আমি ব্যবসা করি। শীত

জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, শাহজাহান আলি, রাইহান সাংগঠনিক সম্পাদক মেহেরপুর জেলা ছাত্রলীগ, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজাসহ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা ।

মেহেরপুরে জমে উঠেছে গরিবের সুপার মার্কেট

মেহেরপুরে শুরু হয়েছে শীতের তীব্রতা। শীত শুরু হওয়ার সাথে সাথে শীতের পোশাক কেনারও ধুম পড়েছে পোশাক বাজারে। উচ্চবিত্তরা বড় বড় মার্কেটে ছুটলেও মধ্যবিত্ত ও নিম্নবিত্তরা ছুটছে পুরাতন পোশাকের দোকান গুলোতে।

গরীবের সুপার মার্কেট ক্ষ্যাত পৌর গরুর হাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকান গুলো ইতোমধ্যে বেশ জমে উঠেছে। সপ্তাহে দুইদিন (শ্রক্রবার ও মঙ্গলবার) রাস্তার দুইপাশে প্রায় ৩৫টি দোকানে বিক্রি হচ্ছে পুরাতন সব পোশাক। দিনের শুরুতে এইসব দোকান গুলো খোলা হলেও বেচাকেনা শেষে সন্ধ্যার পর পরই এগুলো আবার বাড়ি নিয়ে যায় বিক্রেতারা। এ সকল দোকান গুলোতে নিন্ম আয়ের মানুষ থেকে শুরু করে মধ্যবিত্তরা ভিড় জমাচ্ছে।

শুক্রবার বিকালে সরজমিনে গিয়ে দেখা যায় দেশী বিদেশী পুরোনো বাহারি সব পোশাকে সাজানো এইসব দোকান গুলো। একদাম-একদর, দেখে নিন-বেছেনিন, আগে আসলে আগে পাবেন এই ধরনের হরেক রকম স্লোগানে ক্রেতাদের আকৃষ্টি করার চেষ্টা করছে বিক্রেতারা।

৪০-৫০টাকা থেকে শুরু করে ৫০০-৬০০ টাকা পর্যন্ত বিক্রি করছে পোশাক গুলো। সয়েটার, জ্যাকেট, কোর্ট, ব্লেজার, গেঞ্জিসহ বিভিন্ন পোশাকের দিকে ঝুকছে মানুষ। তবে বেশি বিক্রি হচ্ছে জাম্মপার ও জ্যাকেট।

চকশ্যাম নগর থেকে আসা হাসিব শুক্রবার গরুরহাট সংলগ্ন পুরাতন পোশাকের দোকানে এসেছে পোশাক কিনতে। কথা হলো তার সাথে। কয়টা পোশাক কিনলেন জানতে চাইলে, বেশ স¦◌াচ্ছন্দ্যেই উত্তর দিলেন,

তিনটা কিনেছি। আগামী সপ্তাই আবার আসবো। বেশ ভালো ভালো পোশাক পাওয়া যাচ্ছে কম দামে। যেগুলো দোকান থেকে কিনলে তার দাম ডাবল হতো।

গাংনী উপজেলার রাশেদুল ইসলাম হিরক দোকান দিয়েছেন গরুর হাট এলাকায়, তিনি বলেন প্রতি বছর শীতের মৌসুমে আমি ব্যবসা করি। শীত মৌসুমে ব্যবসায় লাভ ভালো হয়। তবে এবার দাম বেশি নেওয়ায় আমাদের বিক্রি করতে হচ্ছে বেশি দামে।
অপর ব্যবসায়ী মহর আলী বলেন, ঢাকা, চট্টগ্রাম এলাকা থেকে এসব পোশাক আসে। পোশক গুলো বেশির ভাগই বিদেশী। আমরা কিনে আনি দ্বিতীয় পাটির কাছ থেকে। আমরা কুষ্টিয়া থেকে এসব পোশাক সংগ্রহ করি। প্রতি গাইটে ২-৩ হাজার টাকা লাভ হয়। আবার যদি পোশাক খুব ভালো হয়ে যায় সেক্ষেত্রে লাভের পরিমাণটাও বেশি হয়ে যায়।

এছাড়াও মেহেরপুর শহরের পৌর এলাকা থেকে শুরু করে কোর্টমোড় পর্যন্ত প্রায় ১০ জায়গায় ফুটপাতের উপর বসেছে পুরাতন পোশাকের ছোট ছোট অস্থায়ী দোকান, তাছাড়াও শহরের সজীব প্লাজা, মাফিন ফ্যাশান, শহীদ রিপন টাওয়ার, মানিক মিয়া টাওয়ার, হুদা প্লাজা, মোহাম্মদ আলী মার্কেটসহ সবকটি মার্কেটেই সকাল থেকে মধ্যরাত পর্যন্ত শীতের পোশাক কিনতে ক্রেতারা ভিড় করছেন।

বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক নাজমুল হুদা করোনাক্রান্ত

বাংলাদেশ ব্যাংকের উপ-পরিচালক নাজমুল হুদা করোনাক্রান্ত হয়েছেন। সুস্থতার জন্য তিনি সবার কাছে দোয়া কামনা করেছেন। তার পরিবারের পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়

কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার নওদা আজম পুর গ্রামে জন্ম নেওয়া নাজমুল হুদা ছাত্রাবস্থা থেকেই লেখালেখি, সংগঠন, সম্পাদনায় সম্পৃক্ত। বিভিন্ন টেলিভিশন চ্যানেলের বেশকিছু বিতর্ক ও মুক্ত আলোচনায় অংশ নেওয়া ছাড়াও যুক্ত ছিলেন বাংলাদেশ বেতারের অনুষ্ঠান বিভাগে।